হাইকমিশনে হামলার ঘটনায় দিল্লির বক্তব্য প্রত্যাখ্যান ঢাকার



সংগৃহীত ছবি

বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ভারতের প্রেসনোটে হাইকমিশনে হামলার চেষ্টা সংক্রান্ত যে ব্যাখ্যা দেওয়া হয়েছে, তা পুরোপুরি অগ্রহণযোগ্য। রোববার (২১ ডিসেম্বর) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, এ ধরনের পরিস্থিতি পুনরায় ঘটবে না।

তিনি জানান, হাইকমিশন কূটনৈতিক এলাকার গভীরে অবস্থিত। ছোট একটি চরমপন্থী গোষ্ঠীর সদস্যরা এতদূর পর্যন্ত সহজে প্রবেশ করতে পারার বিষয়টি উদ্বেগজনক। তারা কেবল হত্যাকাণ্ডের প্রতিবাদ করেনি, আরও উসকানিমূলক কাজও করেছে। হাইকমিশনারকে হত্যার হুমকি দেওয়া হয়েছে কি না, সে বিষয়ে নিশ্চিত তথ্য নেই, তবে শোনা গেছে হুমকি দেওয়া হয়েছে।

পররাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, নিহত ব্যক্তি বাংলাদেশের নাগরিক এবং সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। কয়েকজনকে ইতোমধ্যে গ্রেপ্তার করা হয়েছে। কূটনীতিকদের নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন হলে তা করা হবে, কারণ মিশনের ভিতরে পরিবার বাস করছে এবং তারা আতঙ্কিত। তিনি যোগ করেন, এই ধরনের দায়িত্ব মূলত ভারতের।